# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২০৭

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - সমষ্টিগতভাবে মর্যাদা ও বৈশিষ্ট্য

الفصل الاول (بَاب جَامع المناقب)

---

আরবী

وَعَنِ الْبَرَاءِ قَالَ: أُهْدِيَتْ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حُلَّةُ حَرِيرٍ فَجَعَلَ أَصْحَابُهُ يَمَسُّونَهَا وَيَتَعَجَّبُونَ مِنْ لِينِهَا فَقَالَ: «أَتَعْجَبُونَ مِنْ لِينِ هَذِهِ؟ لَمَنَادِيلُ سَعْدِ بْنِ مُعَاذٍ فِي الجنَّةِ خيرٌ مِنْهَا وألين» . مُتَّفق عَلَيْهِ

متفق علیہ ، رواہ البخاری (3802) و مسلم (126 / 2468)، (6348) ـ
(مُتَّفَقٌ عَلَيْهِ)

বাংলা

৬২০৭-[১২] বারা’ (ইবনু ’আযিব) (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন রাসূলুল্লাহ (সা.) -কে উপহারস্বরূপ রেশমি পোশাক পেশ করা হলো। তখন সাহাবীগণ তা স্পর্শ করে তার কোমলতায় আশ্চর্যবোধ করতে লাগলেন। তখন তিনি (সা.) বললেন, তোমরা তার কোমলতা দেখে আশ্চর্য হচ্ছ? অথচ সা’দ ইবনু মু’আয-এর রুমাল যা জান্নাতে তিনি প্রাপ্ত হয়েছেন, এর চেয়ে অধিক উত্তম এবং আরো অনেক কোমল। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহ: বুখারী ৩৮০২, মুসলিম ১২৬-(২৪৬৮), হিলইয়াতুল আওলিয়া ৭/১৩২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: উক্ত হাদীসের ব্যাখ্যায় বলা হয়েছে যে, জান্নাতে সা'দ যে রুমাল দিয়ে হাত মুছে তা এই মোলায়েম ও সুন্দর কাপড় থেকে অনেক উত্তম। এখানে বুঝানো হয়েছে যে, দুনিয়ার সবচেয়ে উত্তম বস্তুও জান্নাতের সর্বনিম্ন

বস্তুর সমান হতে পারে না।

খত্ত্বাবী (রহিমাহুল্লাহ) বলেন, এখানে রুমালের দ্বারা উপমা দেয়া হয়েছে। কারণ রুমাল হচ্ছে সবচেয়ে নিম্নমানের কাপড়। যা দিয়ে মানুষ হাত মুছে এবং ধুলাবালি ও ময়লা-আবর্জনা পরিষ্কার করে থাকে। অতএব, জান্নাতের সবচেয়ে নিম্নমানের কাপড়ই যদি এমন হয়ে থাকে তাহলে উৎকৃষ্ট মানের কাপড়ের কি অবস্থা হবে।

‘আলিমগণ বলেন, এ হাদীসের মাধ্যমে জান্নাতে সা’দ-এর মর্যাদার প্রতি ইশারা করা হয়েছে। আর এটিও প্রমাণিত হয়েছে যে, সা'দ জান্নাতী। (মিরকাতুল মাফাতীহ; শারহুন নাবাবী ১৬শ খণ্ড, ২২ পৃ., হা. ২৪৬৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86183

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন